

শোকবানী

মাননীয় বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রী স্থপতি ইয়াফেস ওসমানের সহধর্মিনীর ইন্তেকালে
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের শোক।



ঢাকা ১৭ জানুয়ারি ২০২১;

মাননীয় বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রী স্থপতি ইয়াফেস ওসমান মহোদয়ের সহধর্মিনী বুলা আহম্মেদ আর নেই (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। আজ রবিবার (১৭ জানুয়ারি) সকাল আনুমানিক ৮:৪৫ ঘটিকায় ঢাকার সেনানিবাসের সম্মিলিত সামরিক হাসপাতালে (সিএমএইচ) চিকিৎসাধীন অবস্থায় তিনি শেষ নিঃশ্বাস ত্যাগ করেছেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৭০ বছর। তিনি এক ছেলে, আত্মীশ্বজন, বন্ধুবান্ধব ও অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন।

তাঁর মৃত্যুতে জাতি একজন সৎ ও আদর্শ রাজনীতিককে হারালো। বাংলাদেশের রাজনীতিতে তিনি গুণগত অবদান রেখেছেন। মহান স্বাধীনতা সংগ্রামের মুক্তিযোদ্ধা এই নারী নেত্রী প্রগতিশীল আন্দোলনের নেত্রী হিসেবে ১৯৬৯ গণআন্দোলনের সক্রিয়ভাবে যুক্ত ছিলেন। তিনি মহিলা পরিষদের নেত্রী হিসেবে নারীর ক্ষমতায়ন, সমাজকল্যাণ, শিক্ষা ব্যবস্থার উন্নয়নসহ বিভিন্ন জাতীয় সমাজ গঠনমূলক কর্মকান্ডে অবদান রাখেন।

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের পক্ষ হতে মরহমের আত্মার শান্তি কামনা এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন জানানো হয়।

স্বাক্ষরিত/-

(বিবেকানন্দ রায়)

সিনিয়র তথ্য অফিসার

ফোন: ৯৫৪ ০৩৮৭ (অঃ)

মোবা: ০১৭১১-৮১৫৮৮১